# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**05 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

=====================================================

(১) গণ আন্দোলনের চাপে বাংলাদেশের প্রধানমন্ত্রী পদে ইস্তফা দিয়ে দেশ ছেড়েছেন শেখ হাসিনা/ রাজনৈতিক এই পরিবর্তনের পরিস্থিতিতে অর্ন্তবর্তীকালীন সরকার গঠন করা হবে বলে জাতির উদ্দেশ্যে ভাষণে সেদেশের সেনা প্রধানের ঘোষণা/

(২) কেন্দ্রীয় সরকার স্বাস্থ্যক্ষেত্রকে সর্বাধিক অগ্রাধিকার দিচ্ছে বলে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডার প্রকাশ/

(৩) কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী বলেছেন যে- গ্রামাঞ্চলে ভূমি পর্যায়ের ঋণ ২০১৪ সালের সাত দশমিক তিন লক্ষ কোটি টাকা থেকে বাড়িয়ে ২০২৪ সালে ২৫ দশমিক চার-ছয় লক্ষ কোটি টাকা/

এবং

(৪) ভারতরত্ন লোকপ্রিয় গোপীনাথ বরদলৈর ৭৪ তম মৃত্যুতিথির সঙ্গে সঙ্গতি রেখে সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ লোককল্যাণ দিবস উদযাপিত/

---------------------------------------------------------------------------

প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশে ছাত্র সংগঠনের প্রতিবাদী কার্যসূচীকে কেন্দ্র করে উদ্ভব হওয়া হিংসাত্মক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সেদেশের বিভিন্ন স্থানে অনির্দিষ্টকালের জন্য সান্ধ্য

আইন জারী করা হয়েছে এবং মোবাইল ইন্টারনেট সেবাও বন্ধ করে দেওয়া হয়েছে । এদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করে একটি সেনা হেলিকপ্টারযোগে দেশ থেকে বেরিয়ে গেছেন বলে জানা গেছে । বাংলাদেশের সংবাদ মাধ্যমে প্রকাশ পাওয়া তথ্য অনুসারে অসংখ্য প্রতিবাদকারী প্রধানমন্ত্রীর সরকারী বাসভবন, গণভবন ঘেরাও করে ফেলার পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী সুরক্ষিত স্থান অভিমুখে রওয়ানা হয়েছেন । এদিকে প্রধানমন্ত্রীর অনুপস্থিতিতে সেই দেশটি সেনাবাহিনীর কর্তৃত্বের অধীনে যাওয়ার সম্ভাবনা দেখা দেওয়ার পরিস্থিতিতে বাংলাদেশের জনসাধারণকে টেলিভিশন যোগে দেওয়া বার্তায় বাংলাদেশের সেনাপ্রধান জেনারেল ওয়াকার উজ জামান ধৈর্য সহকারে শান্তি ও সম্প্রীতি বজায় রাখতে সকলের প্রতি আহ্বান জানিয়েছেন । রাজনৈতিক এই পরিবর্তনের পরিস্থিতিতে অর্ন্তবর্তীকালীন সরকার গঠন করা হবে বলে সেনা প্রধান ঘোষণা করেছেন ।

উল্লেখ্য- গতকাল সেদেশে প্রতিবাদকারী ও পুলিশের মধ্যে হওয়া সংঘর্ষে কমপক্ষে একশোজন নিহত হয়েছেন এবং সহস্রাধিক লোক আহত হয়েছেন । ছাত্ররা ১৯৭১ সালে পাকিস্তানের বিরুদ্ধে বাংলাদেশের স্বাধীনতা স্বাধীনতা যুদ্ধের সংগ্রামী অর্থাৎ মুক্তিযোদ্ধাদের পরিবার এবং তাদের আত্মীয়দের জন্যে সরকারী চাকরিতে ৩০ শতাংশ সংরক্ষণের বিরোধিতা করে প্রতিবাদের সূত্রপাত হয় । প্রতিবাদকারীরা এই সংরক্ষণ ব্যবস্থাকে বৈষম্যমূলক বলে অভিযোগ করে এই ব্যবস্থার মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর আওয়ামি লিগ দলের সমর্থকদের উকৃত করে আসছিলেন বলে অভিযোগ উত্থাপন করে । তারা এই সংরক্ষণের পরিবর্তে মেধাভিত্তিক নিযুক্তি ব্যবস্থার দাবী তুলেছিল । ১৯৭২ সালে প্রবর্তন করা এই সংরক্ষণ ব্যবস্থা ২০১৮ সালে প্রত্যাহার করা হলেও দেশের উচ্চতম আদালতের এক নির্দেশমর্মে একমাস পূর্বে পুনরায় এই ৩০ শতাংশ সংরক্ষণ ব্যবস্থা বহাল রাখার প্রস্তাব থেকেই প্রতিবাদের সূত্রপাত হয় । উচ্চতম আদালত গত ২১শে জুলাই এই সংরক্ষণের পরিমাণ হ্রাস করে পাঁচ শতাংশ করার ফলে প্রতিবাদী কার্যসূচী স্থগিত রাখা হয়েছিল । তবে সরকার তাদের গ্রেপ্তার হওয়া সব নেতাদের ছেড়ে দেওয়ার আহ্বানে সাড়া না দেওয়ার পরিপ্রেক্ষিতে তারা প্রধানমন্ত্রীর পদত্যাগের দাবী তোলে ।

এদিকে বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ভারত-বাংলাদেশ সীমান্তে উচ্চ সতর্কতা জারী করা হয়েছে । এছাড়া সীমান্ত অঞ্চলে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা ছাড়াও অতিরিক্ত বাহিনী মোতায়েন করা হয়েছে । অনুরূপভাবে মুর্শিদাবাদের উন্মুক্ত সীমান্তে সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে । পদ্মা সহ অন্যান্য নদী সীমান্তে বি এস এফ

কড়া প্রহরা অব্যাহত রেখেছে।         বরাক উপত্যকার কাছাড় ও করিমগঞ্জ জেলার সঙ্গে সংযোগকারী ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্ত এলাকা গুলিতেও নজরদারী তীব্রতর করা হয়েছে । বাংলাদেশে ছাত্র আন্দোলন এবং এর পরবর্তীতে স্থানে স্থানে বিক্ষোভ কার্যসূচী শুরু হওয়ার সময় থেকেই কাছাড় জেলার কাটিগড়া এলাকার ভারত-বাংলাদেশ সীমান্তে ও করিমগঞ্জ জেলার স্থল ও জল সীমান্তে ১৪৪ ধারা জারী করা হয় । এবং ঐসব এলাকায় সতর্ক প্রহরা আরো জোরদার করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগত প্রকাশ নাড্ডা বলেছেন যে এন ডি এ সরকার স্বাস্থ্য ক্ষেত্রকে সর্বাধিক অগ্রাধিকার দিচ্ছে ।লোকসভায় আজ ২০২৪-২৫ অর্থবছরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের অধীনে অনুদান দাবী সম্পর্কে আলোচনায় অংশগ্রহণ করে কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে স্বাস্থ্য ক্ষেত্রে ২০১৩ -১৪ অর্থবছরে ৩৩ হাজার ২৭৮ কোটি টাকার বাজেট বরাদ্দ করা হয়েছিল যা ২০২৪ সালে ৯০ হাজার ৯৫৮ কোটি টাকায় বৃদ্ধি করা হয়েছে এবং তা ১৬৪ শতাংশ বৃদ্ধি । তিনি বলেন যে মোট বাজেটের ৫৫ শতাংস অর্থ জাতীয় স্বাস্থ্য অভিযানের মাধ্যমে ব্যয় করা হয় ।সরকার স্বাস্থ্য ক্ষেত্রে বাজেট ক্রমশ বৃদ্ধি করে আসছে এবং বর্তমানে তা মোট ঘরুয়া উৎপাদনের ১ দশমিক ৯ শতাংশ স্পর্শ করেছে বলে স্বাস্থ্যমন্ত্রী জানান ।প্রাথমিক স্বাস্থ্য সেবা ও তৃতীয় পর্যায়ের স্বাস্থ্য সেবা ক্ষেত্রে পরিকাঠামো সম্পর্কে স্বাস্থ্যমন্ত্রী বলেন যে মোদী সরকারের এন ডি এ সরকারের শাসনকালে মোট ২২ টি এইমসের অনুমোদন জানানো হয় এবং এর মধ্যে ১৮ টি বর্তমানে কর্মক্ষম রয়েছে এবং চারটির নির্মাণকার্য অব্যাহত রয়েছে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী বলেছেন যে গ্রামাঞ্চলের জনসাধারণের সুবিধার প্রতি লক্ষ্য রেখে  জমির ঋণ ২০১৪ সালের ৭ দশমিক ৩ লক্ষ কোটি টাকা থেকে বাড়িয়ে ২০২৪ সালে ২৫ দশমিক ৪ -৬ লক্ষ কোটি টাকায় বৃদ্ধি করা হয়েছে । লোকসভায় আজ এক পরিপূরক প্রশ্নের উত্তরে মন্ত্রী  জানান যে কিষাণ ক্রেডিট কার্ডের অধীনে কৃষকদেরকে ৪ দশমিক ২-৬ লক্ষ কোটি টাকা শষ্য ঋণ প্রদান করার বিপরীতে ২০২৪ সালে এই সংখ্যা ৯ দশমিক ৮-২ লক্ষ কোটি টাকায় বৃদ্ধি করা হয়েছে । শ্রী চৌধুরী বলেন যে কৃষকদের কল্যাণ এবং কৃষিজাত সামগ্রীর উৎপাদন বৃদ্ধির জন্য সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে ।মন্ত্রী বলেন যে প্রধানমন্ত্রী জনধন যোজনার অধীনে আর্থিক অর্ন্তভুক্তি নিশ্চিত করতে ৫২ কোটিরও বেশী একাউন্ট খোলা হয়েছে ।সরকার যুব প্রজন্মের জন্য মুদ্রা যোজনা এবং ষ্টার্টআপ ইন্ডিয়া সহ বিভিন্ন প্রকল্প

গ্রহণ করেছে বলে উল্লেখ করে তিনি বলেন যে কেন্দ্রীয় বাজেটে যুবক যুবতিদের জন্য ইন্টার্নশিপ প্রকল্প এবং মুদ্রা যোজনার অধীনে ঋণের সুবিধা ১০ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ২০ লক্ষ টাকা করা হয়েছে ।

----------------------------------------------------------------------------

ভারতরত্ন লোকপ্রিয় গোপীনাথ বরদলৈর ৭৪ তম মৃত্যুতিথির সঙ্গে সঙ্গতি রেখে আজ লোককল্যাণ দিবসের আয়োজন করা হয়েছে । ২০২২ সাল থেকে আসাম সরকার এই দিনটি লোককল্যাণ দিবস হিসেবে পালন করে আসছে । এই দিবস পালনের দ্বারা বরদলৈর জীবন, কর্মরাজী, রাজনৈতিক দর্শন এবং নেতৃত্ব দানের ক্ষমতার বিষয়ে আলোকপাত করে নবপ্রজন্মকে এই গুণ সমূহ আহরণ করার ক্ষেত্রে আকর্ষিত করার প্রয়াস করা হচ্ছে । কামরূপ মহানগর জেলা প্রশাসনের উদ্যোগে আজ গুয়াহাটির পানবাজারে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার উপস্থিতিতে লোকল্যাণ দিবস পালন করা হয়েছে । এদিকে গুয়াহাটির শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে আজ এই দিবস উপলক্ষে সরকারী প্রশাসনিক ক্ষেত্রে উৎকৃষ্ট সেবা প্রদান করা ১৮জন প্রশাসনিক আধিকারিককে মুখ্যমন্ত্রী কর্মশ্রী পুরস্কার এবং দশজন রাজ্য পর্যায়ের ও ৩৭ জন জেলা পর্যায়ের আধিকারিককে লোকসেবা পুরস্কার প্রদান করা হয়েছে । মুখ্যমন্ত্রী এই পুরস্কার প্রদান করে লোকপ্রিয় গোপীনাথ বরদলৈর আদর্শে উদ্বুদ্ধ হতে সকলের প্রতি আহ্বান জানান ।

----------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ ভারত রত্ন লোকপ্রিয় গোপীনাথ বরদলৈর ৭৪তম প্রয়ান দিবস লোক  কল্যান দিবস হিসেবে যথাযোগ্য মর্য্যাদায় পালন করা হয় ।

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আজ শিলচর গান্ধী ভবনে এই দিবস পালন করা হয় । জেলা আয়ুক্ত রোহন কুমার ঝা লোক কল্যান দিবসের আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেলা প্রশাসনের কর্মচারী ও আধিকারীকদের  নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করার আহ্বান জানান । পরে জেলা আয়ুক্ত শ্রী ঝা জেলা প্রশাসনের কর্মচারী সুরঞ্জন দাস ও নরোত্তম সাহাকে লোক সেবা পুরষ্কার প্রদান করেন ।

অনুষ্ঠানে জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে , অতিরিক্ত আয়ুক্ত যুবরাজ বড়ঠাকুর , ভান লাল লিমপুই , সহকারী আয়ুক্ত জোনালী দেবী , বিদ্যালয় সমূহের পরিদর্শক বহ্নিকা চেতিয়া প্রমূখ উপস্থিতি ছিলেন ।

----------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায়ও আজ ভারতরত্ন লোকপ্রিয় গোপীনাথ বরদলৈর প্রয়ান দিবস লোক কল্যান দিবস হিসেবে পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে সকাল ১১টায় জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে গোপীনাথ বরদলৈর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয়েছে । পরে জেলা আয়ুক্ত মৃদুল কুমার যাদবের পৌরহিত্যে আয়োজিত সভায় গৌপীনাথ বরদলৈর জীবন ও আর্দশ নিয়ে আলোচনা করা হয় । এরপর রাজ্য সরকারএর পক্ষ থেকে এবছরের লোক সেবা পুরষ্কারের জন্য কৃষি বিভাগের সহকারী পরিদর্শক বিধায়ক দাসকে পুরস্কার প্রদান করা হয় । জেলা আয়ুক্ত শ্রী যাদব বিধায়ক দাসের হাতে পুরষ্কার তুলে দেন ।

---------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আজ ভারতরত্ন লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ-র ৭৪তম প্রয়ান দিবস লোক কল্যান দিবস হিসেবে পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে আয়োজিত এক সভায় জেলার দু জন কৃতি কর্মচারী প্রসেনজিৎ বিশ্বাস ও মনিহার চৌধুরীকে পুরষ্কৃত করা হয়েছে । লোক কল্যান দিবসের অনুষ্ঠানে জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম এবং পুলিশ সুপার লীনা দোলে কর্মচারীদের ভূয়শী প্রশংসা করেন ।

---------------------------------------------------------------------------

আকাশবাণী শিলচর কেন্দ্রের প্রাক্তন সঙ্গীত সংযোজক প্রদোষ বিশ্বাস স্বল্প রোগভোগের পর আজ সকালে কলকাতায় শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন । উল্লেখ্য প্রয়াত বিশ্বাস আকাশবাণী শিলচর কেন্দ্রের প্রায় জন্মলগ্ন থেকেই সঙ্গীত সংযোজক হিসেবে কার্য নির্বাহ করে গেছেন । পরবর্তীকালে তিনি আকাশবানী কলকাতা কেন্দ্রে বদলি হন এবং সেখানেই অবসর গ্রহন করেন । প্রদোষ বিশ্বাসের মৃত্যুতে আকাশবাণী শিলচর কেন্দ্রের কর্মচারী ও আধিকারিকদের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করে পরিবারের প্রতি সমবেদনা জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

আসাম সরকারের নির্দেশ অনুযায়ি কাছাড় জেলার ২০২১ সালের আগষ্ট মাস থেকে ২০২৩ সালের আগষ্ট মাসের মধ্যে ই-শ্রম পোর্টেলে নাম পঞ্জিয়ন করা ব্যক্তিদের রেশন কার্ডের জন্য আবেদন জমা দেওয়ার শেষ তারিখ আগামী ১০ আগষ্ট পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে ।এই নির্দেশ অনুযায়ি যাদের নাম ই-শ্রম তালিকায় রয়েছে তাদের সংশ্লিষ্ট চক্র আধিকারীক , উন্নয়নখন্ড আধিকারীক , পৌরসভার কার্যবাহী আধিকারীকের কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।এছাড়াও রেশনকার্ড সংযোজনের জন্য আবেদনপত্র জেলা খাদ্য ও অসামরিক সরবরাহ বিভাগের কার্যালয়েও গ্রহণ করা হচ্ছে ।

--------------------------------------------------------------------------------

পাঁচগ্রাম শনি মন্দিরে গতকাল গভীর রাতে এক চুরিকান্ড সংঘঠিত হয়েছে । পাঁচগ্রাম রেল ষ্টেশন সংলগ্ন এই শনি মন্দিরে গতকাল গভীর রাতে চোরের দল হানা দিয়ে মূল্যবান সামগ্রী এবং দানপাত্রের অর্থ লুট করে নিয়ে যায় ।চুরির ঘটনার পর মন্দির কর্তৃপক্ষ থানায় অভিযোগ দায়ের করে ।পরে পুলিশ  ঘটনাস্থলে পৌছে তদন্ত শুরু করেছে বলে আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন ।এদিকে ঐ এলাকার জনসাধারণ এবং মন্দির কমিটির পক্ষ থেকে এলাকায় ধারাবাহিকভাবে চুরির ঘটনা সংঘঠিত হয়ে আসছে বলে অভিযোগ করে চোরদের দ্রুত গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানানো হয় ।

--------------------------------------------------------------------------------

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমির উদ্যোগে আয়োজিত  মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় পাওয়া এফ সি ১-০ গোলের ব্যবধানে পানিসাগর মোকাম এফ সি-কে পরাজিত করেছে । বাম নিত্যনন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় এল আর ফুটবল দল খেলবে ছোট শালগঙ্গা এফ সি দলের বিরুদ্ধে ।

--------------------------------------------------------------------------------